SME NEWS

এসএমই
# নিউজ

এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

SME FOUNDATION

বর্ষ ১৬ । সংখ্যা ৫৪ | এপ্রিল-জুন ২০২৬
| চৈত্র-আষাঢ় ১৪৩৩

## আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২৬ উদযাপন









SME NEWS
এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার

বর্ষ ১৬ । সংখ্যা ৫৪ । এপ্রিল-জুন ২০২৬

Scan for PDF download

**সম্পাদক:**
আনোয়ার হোসেন চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক

**সম্পাদনা পরিষদ:**
মো. নাজিম হাসান সাত্তার, উপব্যবস্থাপনা পরিচালক
ফারজানা খান, উপব্যবস্থাপনা পরিচালক
মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক
মো. আবদুস সালাম সরদার, মহাব্যবস্থাপক
মুহাম্মদ মোরশেদ আলম, উপমহাব্যবস্থাপক

**অঙ্গসজ্জা:**
অসীম কুমার হালদার, ব্যবস্থাপক



## ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন
**শিল্প মন্ত্রণালয়**
পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭)
প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০

info@smef.gov.bd SME Foundation www.smef.gov.bd


# জাতীয় বাজেট ২০২৬-২৭: এসএমই খাতের প্রত্যাশা ও প্রাপ্তি' কর্মশালা আয়োজন




কর্মশালায় প্রধান অতিথি শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপিসহ অতিথিবৃন্দ

কর্মসংস্থান বৃদ্ধি এবং অর্থনীতিতে গতি আনতে এসএমই খাতকে চাঙ্গা করা সরকারের অগ্রাধিকার। এজন্য ব্যবসার শুরু থেকে পণ্য আমদানি বা রপ্তানি পর্যন্ত সময়কে ৩৫৫ দিন থেকে ১৪ দিনে নামিয়ে আনার পাশাপাশি ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে বিরতিহীন বিদ্যুৎ নিশ্চিত করতে চায় সরকার। ২৪ জুন ২০২৬ অর্থনৈতিক প্রতিবেদকদের সংগঠন ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ)-এর সহযোগিতায় এবং এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'জাতীয় বাজেট ২০২৬-২৭: এসএমই খাতের প্রত্যাশা ও প্রাপ্তি' মতবিনিময় সভায় এসব কথা বলেন শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি। ইআরএফ সভাপতি দৌলত আকতার মালার সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং জাতীয় রাজস্ব বোর্ড সদস্য ব্যারিস্টার মুতাসিম বিল্লাহ ফারুকী। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এবং স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম। মতবিনিময় সভা সঞ্চালনা করেন ইআরএফ সাধারণ সম্পাদক আবুল কাশেম। মূল প্রবন্ধে এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন বলেন, ২০২৬-২৭ অর্থ বছরের বাজেটের জন্য এসএমই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে উপস্থাপিত ১১৩টি প্রস্তাবের মধ্যে ৩৬টি প্রস্তাব সম্পূর্ণ বা আংশিকভাবে গৃহীত হয়েছে। এর মধ্যে আয়কর সংক্রান্ত ১৩টি, ভ্যাট সংক্রান্ত ১৩টি এবং শুল্ক সংক্রান্ত ১০টি প্রস্তাব বাজেটে গৃহীত হয়েছে। প্রথমবারের মতো বাজেটের বিভিন্ন প্রস্তাবনায় সিএমএসএমই খাতের জন্য প্রায় ৭ হাজার ৮০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। তবে এসএমই ফাউন্ডেশন মনে করে, এসএমই খাতের উন্নয়নের লক্ষ্যে সরকার প্রণীত জাতীয় শিল্পনীতি ২০২২, জাতীয় এসএমই নীতিমালা ২০২৬ (খসড়া), ন্যাশনাল ট্যারিফ পলিসি ২০২৩ এবং রপ্তানি নীতিমালা ২০২৪-২০২৭-এ এসএমই খাতের জন্য বিভিন্ন কর ছাড় ও প্রণোদনার কথা উল্লেখ রয়েছে। তবে বাস্তবে এসব নীতিগত সুবিধা জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে না। তাই নীতিসমূহের সঙ্গে সামঞ্জস্য রেখে কর ও শুল্ক সুবিধা কার্যকরভাবে প্রদান নিশ্চিত করা জরুরি। উল্লিখিত প্রস্তাবগুলো সমন্বয় করে আয়কর, ভ্যাট ও শুল্ক সংক্রান্ত এমএসএমইদের জন্য বিদ্যমান বিচ্ছিন্ন সুবিধাগুলোকে একটি সমন্বিত কাঠামোর আওতায় আনতে 'Preferential Tax Regime for MSMEs' একটি পৃথক আইন বা এসআরও প্রণয়ন করা দরকার। এমএসএমই খাতের বিকাশের লক্ষ্যে পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় এসএমই ফাউন্ডেশন সহ ৩টি সরকারি সংস্থার মাধ্যমে সহজ শর্তে ঋণ বিতরণের জন্য ২০২৬-২৭ অর্থবছরে যে ২,০০০ কোটি টাকার বরাদ্দ করা হয়েছে, তা আরও বৃদ্ধি করা এবং এসএমই ফাউন্ডেশনের জন্য জন্য কমপক্ষে ৫০০০ কোটি টাকা বরাদ্দ করা যেতে পারে। সরকারের '১টি-গ্রাম-১টি-পণ্য' উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে আগামী ২০২৬-২৭ অর্থবছরে ক্রিয়েটিভ অর্থনীতি খাতের উন্নয়নে প্রাথমিকভাবে ৩০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, সেখান থেকে এসএমই ফাউন্ডেশনের জন্য অন্তত ১০০ কোটি টাকা বরাদ্দ করা যেতে পারে। এসএমই ফাউন্ডেশনের গবেষণা অনুযায়ী দেশের ১৭৭টি শিল্প ক্লাস্টারে প্রায় ২০ লাখ মানুষের কর্মসংস্থান হয়েছে। তাই ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়নের বিকল্প নাই। এসএমই ক্লাস্টারের হলিস্টিক উন্নয়নের জন্য এসএমই ফাউন্ডেশনের অনুকূলে বছরে অন্তত ২০০০ কোটি টাকা বরাদ্দ রাখা যেতে পারে।

## এসএমই খাতের উন্নয়নে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এ ১১৩টি প্রস্তাব উপস্থাপন, ৩৬টি গৃহীত



২৮ এপ্রিল ২০২৬ আগামী ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব বাজেট প্রণয়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর প্রাক-বাজেট আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব ও এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান, এফসিএমএ। এনবিআরের আমন্ত্রণে সভায় এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন উল্লেখ করেন, বাংলাদেশে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (MSMEs) জন্য এখনো কোনো পূর্ণাঙ্গ ও স্বতন্ত্র Preferential Tax Regime (PTR) কাঠামো বিদ্যমান নেই। যদিও আয়কর, ভ্যাট ও শুল্ক আইন এবং সংশ্লিষ্ট বিধিতে কিছু বিচ্ছিন্ন সুবিধা রয়েছে, সেগুলো সমন্বিত নয়। এসব সুবিধা বিভিন্ন আইন, বিধি ও এসআরওতে ছড়িয়ে-ছিটিয়ে থাকায় উদ্যোক্তাদের জন্য তা অনুসরণ করা সহজ নয়। এ প্রেক্ষাপটে, এমএসএমই খাতের জন্য একটি সমন্বিত ও একক PTR কাঠামো প্রণয়ন সময়ের দাবি বলে তিনি মত দেন। উল্লেখ্য, এসএমই ফাউন্ডেশনের কাছে ৬০টি প্রতিষ্ঠান/অ্যাসোসিয়েশন/এসএমই ক্লাস্টারের পক্ষ থেকে লিখিত ও মৌখিক প্রস্তাব জমা হয়। এসব প্রস্তাব পর্যালোচনার জন্য ধারাবাহিকভাবে ৫টি পরামর্শ সভা এবং ১টি যৌক্তিকীকরণ সভা আয়োজন করা হয়, যেখানে প্রায় ৫০টি প্রতিষ্ঠান/ক্লাস্টার অংশগ্রহণ করে তাদের মতামত প্রদান করে। যৌক্তিকীকরণ সভায় আলোচনার ভিত্তিতে এসএমই খাতের জন্য সহায়ক ও প্রতিযোগিতামূলক ব্যবসা পরিবেশ নিশ্চিত করতে কর ও শুল্ক কাঠামোর সংস্কার ও সমন্বয়ের লক্ষ্যে মোট ১১৩টি প্রস্তাব চূড়ান্ত করা হয়। এর মধ্যে মূসক ও সম্পূরক শুল্ক সংক্রান্ত ৪৩টি, আবগারি শুল্ক সংক্রান্ত ৩টি, আয়কর সংক্রান্ত ৪০টি এবং শুল্ক সংক্রান্ত ২৭টি প্রস্তাব রয়েছে।

# আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২৬ উদযাপন







আন্তর্জাতিক এমএসএমই দিবস উদযাপন কর্মসূচির উদ্বোধন এবং আলোচনা সভায় শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপিসহ অতিথিবৃন্দ

২৭ জুন আন্তর্জাতিক এমএসএমই দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য, 'Human-Centered Entrepreneurship in an AI-Driven Future: Economic Empowerment for the Next Generation of MSMEs' বা 'কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যতে মানবকেন্দ্রিক উদ্যোগ: মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের আগামী প্রজন্মের অর্থনৈতিক ক্ষমতায়ন'। শোভন কর্মসংস্থান সৃষ্টি এবং জীবনযাত্রার মানোন্নয়নে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতকে আরো এগিয়ে নেয়ার লক্ষ্যে ২০১৭ সালে জাতিসংঘ ২৭ জুনকে 'এমএসএমই দিবস' হিসেবে ঘোষণা করে। সেই হিসাবে এ বছর সারা বিশ্বে ১০ম বারের মত দিবসটি পালিত হচ্ছে। জাতিসংঘ বলছে, ২০৩০ সালের মধ্যে বিশ্বে ৬০ কোটি মানুষের কর্মসংস্থান দরকার। প্রতি ১০টি কাজের মধ্যে ৭টি হবে এমএসএমই খাতে। এছাড়া অর্থায়ন এমএসএমই উদ্যোক্তাদের জন্য অন্যতম চ্যালেঞ্জ। স্বল্পোন্নত দেশের শতকরা ৪১ ভাগ, মধ্য আয়ের দেশগুলোতে ৩০ ভাগ এবং উচ্চ আয়ের দেশগুলোতে ১৫ ভাগ উদ্যোক্তা ঋণ পেতে সমস্যায় পড়েন। বিশ্বের ব্যবসার শতকরা ৯০ ভাগ, কর্মসংস্থানের ৬০-৭০ ভাগ এবং জিডিপিতে ৫০ ভাগ অবদান এমএসএমই খাতের। বিশ্বজুড়ে কর্মক্ষম দরিদ্র, নারী, যুবক ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়নের মেরুদণ্ড হিসেবে ভূমিকা রাখছে এমএসএমই খাত। তাই এমএসএমই খাতের উন্নয়নে সহায়ক নীতি, সহজ অর্থায়ন, দক্ষতা ও উদ্ভাবনে সহায়তা এবং শ্রম আইন বাস্তবায়নের সুপারিশ করেছে জাতিসংঘ। পাশাপাশি শোভন কর্মসংস্থান নিশ্চিত করতে এমএসএমই উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণ, প্রযুক্তি সহায়তা ও ব্যবসার পরিবেশ উন্নয়ন আরো উন্নত করারও সুপারিশ জাতিসংঘের। এবছর আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), বাংলাদেশের সহায়তায় দিবসটি উদযাপন করেছে এসএমই ফাউন্ডেশন। এ উপলক্ষ্যে জাতীয় পত্রিকায় বিজ্ঞাপন ও টেক্সট ম্যাসেজের মাধ্যমে এমএসএমই উদ্যোক্তাদের শুভেচ্ছা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিশেষ সংখ্যা ও অনুষ্ঠান প্রকাশ ও প্রচারণা, বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা অনুষ্ঠানসহ নানা আয়োজনের মাধ্যমে আন্তর্জাতিক এমএসএমই দিবস পালন করেছে এসএমই ফাউন্ডেশন। ২৮ জুন ২০২৬ আগারগাঁওয়ে পর্যটন ভবন থেকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-বিডা ভবন পর্যন্ত এ উপলক্ষ্যে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। শিল্পসচিব আব্দুন নাসের খান, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীসহ দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন প্রতিনিধি ও সরকারি বেসরকারি সংস্থার প্রতিনিধিরা এতে অংশগ্রহণ করেন। এরপর আগারগাঁও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-বিডা ভবন মিলনায়তনে শিল্পসচিব আব্দুন নাসের খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি। বিশেষ অতিথি ছিলেন উইম্যান অন্ট্রাপ্রেনিউয়র্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব) সভাপতি এবং এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য নাসরীন ফাতেমা আউয়াল। অনুষ্ঠানে সন্মানীয় অতিথি আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), বাংলাদেশ-এর প্রধান Max Tunon। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম তুলে ধরেন উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর ProGRESS প্রকল্পের সহযোগিতায় দেশের ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ব্যবসা উন্নয়ন সেবা সহজলভ্য ও আরও কার্যকর করতে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় 'বিজনেস ডেভেলপমেন্ট সার্ভিসেস (BDS) পোর্টাল'। এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তারের সঞ্চালনায় এই বিষয়ে প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক মো. মাহমুদ হাসান, ব্র্যাক ব্যাংক অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আব্দুল মোমেন, আন্তর্জাতিক শ্রম সংস্থা আইএলও-এর চিফ টেকনিক্যাল অ্যাডভাইজার পেদ্রো জুনিয়র বেলেন এবং নারী-উদ্যোক্তা শারমিন লাবনী।

## চীনের কুনমিংয়ে অনুষ্ঠিত মেলায় এসএমই ফাউন্ডেশনের সহায়তায় উদ্যোক্তাদের অংশগ্রহণ




মেলায় উদ্যোক্তাদের স্টল পরিদর্শন করেন শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি

চীনের কুনমিংয়ে অনুষ্ঠিত 10th China-South Asia Expo & 30th China-Kunming Import and Export Fair 2026-এ এসএমই ফাউন্ডেশনের সহায়তায় বাংলাদেশের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ১১-১৬ জুন অনুষ্ঠিত এই আন্তর্জাতিক বাণিজ্য মেলায় উদ্যোক্তারা চামড়াজাত পণ্য, পাটজাত পণ্য, ডেনিম আপসাইকেলড পণ্য, জামদানি ও বহুমুখী পণ্য, হস্তশিল্প এবং কারুপণ্য প্রদর্শনের মাধ্যমে বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের সক্ষমতা ও সম্ভাবনা বিশ্বমঞ্চে তুলে ধরেন। চীনের ইউনান প্রদেশের রাজধানী কুনমিংয়ের ডিয়ানচি ইন্টারন্যাশনাল কনভেনশন অ্যান্ড এক্সিবিশন সেন্টারে আয়োজিত মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তারা বিশ্বের বিভিন্ন দেশ থেকে আগত ক্রেতা, আমদানিকারক, পরিবেশক ও ব্যবসায়ী প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় এবং B2B নেটওয়ার্কিং কার্যক্রমে অংশ নেন। এর মাধ্যমে উদ্যোক্তারা নতুন ব্যবসায়িক যোগাযোগ স্থাপন, সম্ভাব্য ক্রেতা খুঁজে বের করা এবং রপ্তানি সম্প্রসারণের সুযোগ লাভ করেন।

## এসএমই খাতে অর্থায়ন কর্মসূচি

### ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য এসএমই ফাউন্ডেশনের ঋণ কর্মসূচি: অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপিসহ অতিথিদের সাথে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীগণ

মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের আরো প্রায় ৪৮৫ কোটি টাকার বেশি ঋণ দেবে এসএমই ফাউন্ডেশন। এসএমই ফাউন্ডেশনের 'রিভলভিং তহবিল' থেকে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় প্রায় ২৯৫ কোটি টাকা ঋণ বিতরণ করা হবে। একজন উদ্যোক্তা সর্বনিম্ন ১ লাখ টাকা থেকে সর্বোচ্চ ২৫ লাখ টাকা পর্যন্ত ঋণ পাবেন। অর্থ বিভাগের নতুন পরামর্শ মোতাবেক এই ঋণের সুদের হার হবে মাত্র ৮%। এ লক্ষ্যে ১৫টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করেছে এসএমই ফাউন্ডেশন। পাশাপাশি Japan International Cooperation Agency (JICA)-এর সহায়তায় সরকারি সংস্থা Bangladesh Infrastructure Finance Fund Limited (BIFFL)-এর সাথে চুক্তির আওতায় বাংলাদেশের কৃষিভিত্তিক শিল্প ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ খাতের কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) উদ্যোক্তাদেরকে ৭টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে শতকরা ৯ ভাগ সুদে ১৪৫ কোটি টাকা ঋণ দেবে এসএমই ফাউন্ডেশন। এই প্রকল্পে একজন উদ্যোক্তা সর্বোচ্চ ১ কোটি টাকা পর্যন্ত ঋণ পাবেন। ০৯ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের সাথে চুক্তি স্বাক্ষর করেন অংশীদার ১১টি ব্যাংক ও ৪টি আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীগণ। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো হলো, ব্র্যাক ব্যাংক, সিটি ব্যাংক, ব্যাংক এশিয়া, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, প্রাইম ব্যাংক, বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, আইপিডিসি ফাইন্যান্স, আইডিএলসি ফাইন্যান্স, লংকাবাংলা ফাইন্যান্স ও ইউনাইটেড ফাইন্যান্স। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন এবং শিল্পসচিব মো. ওবায়দুর রহমানের সভাপতিত্বে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্প, বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য নাসরীন ফাতেমা আউয়াল এবং বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নূরুন নাহার। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে জানানো হয়, অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে জামানতবিহীন ঋণ বিতরণের বিষয়ে উৎসাহিত করা হবে। তবে ১০ লাখ টাকা পর্যন্ত কোন জামানত গ্রহণ করা হবেনা। গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সীমা হবে সর্বোচ্চ ৪ বছর। গ্রাহক-ব্যাংক সম্পর্কের ভিত্তিতে ৬ মাসের গ্রেস পিরিয়ডসহ ৪৮টি মাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। মোট ঋণের ২৫% নারী-উদ্যোক্তাদের মাঝে এবং ২০% এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের মাঝে বিতরণ করতে হবে। ন্যূনতম ৩০% তহবিল ১০ লক্ষ টাকা বা তদনিম্ন পরিমাণের ঋণ হিসেবে বিতরণ করতে হবে। ন্যূনতম ৬০% উৎপাদনখাত সংশ্লিষ্ট উদ্যোক্তাদের মাঝে বিতরণ করতে হবে, অবশিষ্ট তহবিল সেবা খাত ও ভ্যালু চেইন খাতে বিতরণ করতে হবে। তবে ভ্যালুচেইন খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ মোট ঋণের ২০%-এর বেশি হবে না (ভ্যালুচেইন বলতে কোন খাত বা ক্লাস্টারের সঙ্গে জড়িত আনুষঙ্গিক ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিঙ্কেজ ব্যবসাকে বোঝাবে। উদাহরণস্বরূপ টেক্সটাইল খাতের প্রয়োজনীয় কাঁচামাল যেমন; সুতা, রং, স্ক্রিন প্রিন্ট, প্যাকেজিং, খুচরা যন্ত্রাংশ বিক্রেতা, সরবরাহকারী এবং উৎপাদিত পণ্য পাইকারি ও খুচরা বিক্রেতা)।

### বাংলাদেশে প্রথমবারের মত বিদেশ ফেরত অভিবাসীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে এসএমই ফাউন্ডেশনের ঋণ কর্মসূচি



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপিসহ অতিথিবৃন্দ

বাংলাদেশে প্রথমবারের মত বিদেশ ফেরত অভিবাসীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে ঋণ কর্মসূচি বাস্তবায়ন করছে এসএমই ফাউন্ডেশন। আন্তর্জতাকি শ্রম সংস্থা (আইএলও), বাংলাদেশের সহায়তায় কর্মসংস্থান ব্যাংকের মাধ্যমে ঋণ বিতরণ করা হবে। এই ঋণের সুদের হার হবে মাত্র ৭%। একজন উদ্যোক্তা সর্বনিম্ন ১ লাখ টাকা থেকে সর্বোচ্চ ২৫ লাখ টাকা পর্যন্ত ঋণ পাবেন। ১৬ জুন ২০২৬ রাজধানীর একটি হোটেলে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের সাথে এই খাতে ৫ কোটি টাকার ঋণ বিতরণের চুক্তি স্বাক্ষর করেন কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। এছাড়া একই দিনে ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড থেকে ঋণ বিতরণর লক্ষ্যে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক এবং ঢাকা ব্যাংকের সাথেও চুক্তি স্বাক্ষর করা হয়। শিল্পসচিব আব্দুন নাসের খানের সভাপতিত্বে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্প, বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির। বিশেষ অতিথি ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মো. মোখতার আহমেদ, আইএলও, বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর ম্যাক্স টিউনন এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড-এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মো. আসাদুজ্জামান, বিসিক চেয়ারম্যন মো. সাইফুল ইসলাম এবং বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নূরুন নাহার। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার। অনুষ্ঠানে শিল্প, বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির বলেন, আমরা এমন এক উদ্যোগের সূচনা করছি, যার মাধ্যমে রেমিট্যান্সকে উদ্যোক্তায়, উদ্যোক্তাকে বিনিয়োগে এবং বিনিয়োগকে কর্মসংস্থানে রূপান্তরের একটি টেকসই ভিত্তি নির্মাণ করা হবে। শিল্প মন্ত্রণালয় এসএমই ফাউন্ডেশনকে আরও শক্তিশালী, আধুনিক এবং গতিশীল প্রতিষ্ঠানে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

# এসএমই খাতে অর্থায়ন কর্মসূচি

## ‘Blended Finance for Climate Vulnerable CMSEs’ প্রকল্প



এসএমই ফাউন্ডেশন এবং ইউএনডিপি-এর যৌথ উদ্যোগে জলবায়ু ঝুঁকিপূর্ণ এলাকাসমূহের কুটির, ক্ষুদ্র ও ছোট উদ্যোক্তাদের জন্য `Blended Finance for Climate Vulnerable CMSEs' প্রকল্পটির পরিকল্পনা ও বাস্তবায়ন কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য LightCastle Partners কনসালট্যান্ট হিসেবে দায়িত্ব পালন করছে। প্রকল্পের আওতায় জলবায়ু ঝুঁকিপূর্ণ কুটির, ক্ষুদ্র ও ছোট উদ্যোগসমূহ চিহ্নিত ও নির্বাচনের লক্ষ্যে সিলেকশন প্রস্তুতকৃত খসড়া টুলকিট চূড়ান্ত করার উদ্দেশ্যে ০৪ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে অংশীদার ব্যাংক ও বীমা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে পরামর্শ সভার আয়োজন করা হয়। সভায় ব্যাংকিং খাত থেকে ব্র্যাক ব্যাংক, সিটি ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংক এবং বীমা খাত থেকে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স ও পাইওনিয়ার ইন্স্যুরেন্স কোম্পানির প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। সভায় সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার। আলোচনায় অংশগ্রহণকারী প্রতিনিধিরা টুলকিটের বিভিন্ন দিক নিয়ে তাঁদের মতামত ও পরামর্শ তুলে ধরেন।

## ‘এসএমই বোর্ডের মাধ্যমে পুঁজিবাজারে তহবিল সংগ্রহ’ মতবিনিময়, প্রশিক্ষণ ও কর্মশালা



১৩ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর উদ্যোগে এসএমই উদ্যোক্তাদের সাথে ঢাকায় ‘স্টক এক্সচেঞ্জের এসএমই বোর্ডের মাধ্যমে পুঁজিবাজারে তহবিল সংগ্রহ’ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিএসইসি’র কমিশনার ফারজানা লালারুখ, এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য খালিদ মাহমুদ খান এবং উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। ১৮-১৯ মে ২০২৬ বিএসইসি মিলনায়তনে উদ্যোক্তাদের অংশগ্রহণে ‘Capital Raising by Public Offerings for SME Entrepreneurs’ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে এসএমই কোম্পানির জন্য মূলধন সংগ্রহে নিয়ন্ত্রক সংস্থার অনুমোদন প্রাপ্তির আবেদন ও প্রয়োজনীয় ডকুমেন্টেশন, এক্সচেঞ্জ প্ল্যাটফর্মে এসএমই কোম্পানির শেয়ার ডিমেটেরিয়ালাইজেশন, তালিকাভুক্তি ও লেনদেন, তালিকাভুক্ত এসএমই কোম্পানির কমপ্লায়েন্স ও রিপোর্টিং এবং এসএমই উদ্যোক্তাদের কর সংক্রান্ত চ্যালেঞ্জসহ গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএসইসি’র কমিশনার ফারজানা লালারুখ, নির্বাহী পরিচালক মো. আনোয়ারুল ইসলাম ও মীর মোশাররফ হোসেন চৌধুরী এবং এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান।

১০ মে ২০২৬ ঢাকায় এসএমই ফাউন্ডেশন এবং ডিএসই-এর উদ্যোগে ‘উদ্যোক্তাদের পুঁজিবাজারভিত্তিক অর্থায়ন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং ডিএসই’র এসএমই প্ল্যাটফর্মে তালিকাভুক্তির সুযোগ ও প্রক্রিয়া’ কর্মশালা অনুষ্ঠিত হয়। আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এবং উপমহাব্যবস্থাপক সুমন সাহা স্বাগত বক্তব্য প্রদান করেন। কর্মশালায় ডিএসই’র চিফ ফ্যাইনান্সিয়াল অফিসার (CFO) মো. আবিদ হোসেন খান এসএমই প্ল্যাটফর্মে তালিকাভুক্তির যোগ্যতা, প্রয়োজনীয় ধাপসমূহ, পুঁজি বাজার থেকে মূলধন সংগ্রহের প্রক্রিয়া, পুঁজিবাজারের সম্ভাবনা ও চ্যালেঞ্জ এবং তালিকাভুক্তির মাধ্যমে এসএমই উদ্যোক্তাদের সম্ভাব্য সুবিধাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

## ‘ফাইন্যান্সিয়াল লিটারেসি ও ঋণ ম্যাচমেকিং’ কর্মশালা



১৭ মে ২০২৬ এসএমই ফাউন্ডেশন এবং আইডিএলসি ফাইন্যান্স-এর যৌথ উদ্যোগে চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ সিল্ক শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘ফাইন্যান্সিয়াল লিটারেসি ও ঋণ ম্যাচমেকিং’ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার মূল উদ্দেশ্য ছিলো, ক্রেডিট হোলসেলিং প্রোগ্রামের রিভলভিং ফান্ডের চতুর্থ ধাপের ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করা এবং ক্লাস্টারভিত্তিক উদ্যোক্তাদের আর্থিক জ্ঞান ও সক্ষমতা বৃদ্ধি করা। কর্মশালার ফলাফল হিসেবে, আইডিএলসি ফাইন্যান্স-এর প্রতিনিধিরা সম্ভাব্য ৩২জন উদ্যোক্তার কাছ থেকে প্রাথমিক ঋণ আবেদনপত্র গ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

০৬ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সিরাজগঞ্জের কাজিরহাটে জেলার কম্বলশিল্প ক্লাস্টারের এসএমই উদ্যোক্তাদের অর্থায়ন ত্বরান্বিতকরণে 'ফাইনান্সিয়াল লিটারেসি ও ঋণ ম্যাচমেকিং' কর্মশালা আয়োজন করা হয়।

০৭ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে পাবনার সাথিয়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সাথিয়া তাঁত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের অর্থায়ন ত্বরান্বিতকরণে ‘ফাইনান্সিয়াল লিটারেসি ও ঋণ ম্যাচমেকিং’ কর্মশালা আয়োজন করা হয়।

৫ মে ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ব্রাহ্মণবাড়িয়া পাদুকা ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘ফাইনান্সিয়াল লিটারেসি ও ঋণ ম্যাচমেকিং’ কর্মশালা অনুষ্ঠিত হয়।

১৫ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোর নকশিকাঁথা ক্লাস্টারের উদ্যোক্তাদের অংশগ্রহণে ‘ফাইনান্সিয়াল লিটারেসি ও ঋণ ম্যাচমেকিং’ কর্মশালা অনুষ্ঠিত হয়।



১৮ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ ব্যাংক, রাজশাহী কার্যালয়ের সহযোগিতায় ‘ফাইন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং’ কর্মশালা অনুষ্ঠিত হয়।

২০ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে টাঙ্গাইলের তাঁত (হ্যান্ডলুম) ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘ফাইনান্সিয়াল লিটারেসি ও ঋণ ম্যাচমেকিং’ কর্মশালা অনুষ্ঠিত হয়।



১০ জুন ২০২৬ এবং ২৫ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের আর্থিক দক্ষতা বৃদ্ধি ও প্রাতিষ্ঠানিক অর্থায়নে অন্তর্ভুক্তির লক্ষ্যে ‘Financial Literacy for Financial Inclusion of SMEs’ কর্মশালা অনুষ্ঠিত হয়।

## ‘Reverse Engineering for Product Innovation’ ডেমনস্ট্রেশন কর্মশালা




এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ ইলেকট্রিক্যাল মার্চেন্ডাইজ ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (BEMMA)-এর সহযোগিতায় ১৬ জুন ২০২৬ ঢাকায় ‘Reverse Engineering for Product Innovation’ ডেমোনস্ট্রেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন BEMMA-এর সভাপতি মো. ইসমাইল হোসেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউট (BSTI)-এর মান উইং-এর উপপরিচালক রহিমা তালুকদার। এছাড়াও BEMMA-এর সাবেক সভাপতি এনায়েত হোসেন চৌধুরীসহ সংগঠনের সাবেক সভাপতিবৃন্দ,সদস্যভুক্ত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের মালিক, প্রতিনিধিবৃন্দ এবং সংশ্লিষ্ট অংশীজন উপস্থিত ছিলেন। কর্মশালায় উদ্যোক্তা, শিল্প প্রতিনিধি, রিসোর্স পার্সন ও এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাসহ ৫৯জন অংশগ্রহণ করেন। কর্মশালার মূল টেকনিক্যাল সেশন পরিচালনা করেন প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মাজেদ এবং এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মো. মিজানুর রহমান। বিজনেস অবজেকটিভ এবং ইনোভেশন (R&D) অবজেকটিভ–এই দুইটি দৃষ্টিভঙ্গিতে শিল্প খাতে রিভার্স ইঞ্জিনিয়ারিং- এর কার্যকর প্রয়োগ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিজনেস অবজেকটিভ অংশে Product Value Proposition Study-এর মাধ্যমে কীভাবে ‘বিডিএস স্ট্যান্ডার্ড’ ব্যবহার করে একটি পণ্যের প্রতিযোগিতামূলক অবস্থান, গ্রাহকের চাহিদা এবং বাজার সম্ভাবনা বিশ্লেষণ করা যায়, সে বিষয়ে আলোকপাত করা হয়।

## ‘এসএমই খাতের প্রযুক্তিগত রূপান্তরে নতুন দিগন্ত: ৪র্থ শিল্প বিপ্লব’ ডেমোনস্ট্রেশন কর্মশালা



৪র্থ শিল্প বিপ্লবের মূল প্রযুক্তি- Industrial Internet of Things (IIoT), 3D Printing এবং Robotics এসএমই খাতের জন্য এক নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতকে প্রযুক্তিনির্ভর ও ভবিষ্যত উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ঢাকা-এ ‘চতুর্থ শিল্প বিপ্লব (IIoT, 3D Printing, Robotics) টেকনোলজি’ ডেমোনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রযুক্তির বাস্তব প্রয়োগ, উৎপাদন প্রক্রিয়ায় সংযোজনের কৌশল এবং সম্ভাব্য চ্যালেঞ্জ নিয়ে বিস্তারিত আলোচনা ও সরাসরি ডেমোনস্ট্রেশন উপস্থাপন করা হয়। কর্মশালায় প্লাস্টিক, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, টেক্সটাইল, লেদার, অ্যাগ্রো-প্রসেসিংসহ বিভিন্ন খাতের ২৮জন উদ্যোক্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেন। ডেমোনস্ট্রেশন সেশনে অংশগ্রহণকারীদের মাঝে ব্যপক আগ্রহ সৃষ্টি করে এবং তারা আধুনিক প্রযুক্তির কার্যকারিতা প্রত্যক্ষভাবে অনুধাবন করার সুযোগ পান। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিটাক-এর মহাপরিচালক মো. ফিরোজ উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

## ‘Prototype and Innovation for Light Engineering Sector’ ডেমনস্ট্রেশন কর্মশালা

২০ জুন ২০২৬ ঢাকায় ‘Prototype and Innovation for Light Engineering Sector’ ডেমোনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ঢাকায় কর্মশালায় বাংলাদেশ লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, গাজীপুরের ২৪জন উদ্যোক্তা/প্রতিনিধি ডেমনস্ট্রেশন কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালার উদ্বোধন করেন মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদার, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন এবং পবিত্র কুমার কবিরাজ, পরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)। কর্মশালায় উদ্যোক্তাগণকে সিএনসি টেকনোলজি, রোবোটিক্স, প্রোটোটাইপ এবং 3D প্রিন্টিং বিষয়ে তাত্ত্বিক ক্লাস ও ডেমোনস্ট্রেশনের মাধ্যমে বিস্তারিত ধারণা প্রদান করা হয়েছে। এর মাধ্যমে তারা আইডিয়াকে ব্যবসায় পরিণত করে বাস্তব পণ্য বা সেবায় রূপান্তরের মাধ্যমে বাজার সম্প্রসারণ, বিনিয়োগ আকর্ষণ, প্রযুক্তি গ্রহণ, প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং টেকসই প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ ধরনের কর্মসূচি উদ্যোক্তাদের আধুনিক ও সময়োপযোগী পণ্য উদ্ভাবনের ক্ষেত্রে অনুপ্রাণিত করবে।

## ‘ফার্নিচার শিল্পের উন্নয়নে আধুনিক উৎপাদন প্রযুক্তি’ ডেমনস্ট্রেশন কর্মশালা

২৬-২৭ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ‘ফার্নিচার শিল্পের উন্নয়নে আধুনিক উৎপাদন প্রযুক্তি’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় সিরাজগঞ্জ ফার্নিচার মালিক সমিতির ১৪জন ফার্নিচার উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ডেমনস্ট্রেশন কর্মশালায় উড টেক সলিউশন, কোনাখোলা, কেরানীগঞ্জ ও কাঠুরিয়া সিএনসি ডিজাইন হাউজ, সাতারকুল, বাড্ডা পরিদর্শন করা হয়। কর্মশালায় ১ম দিন বিভিন্ন উড ওয়ার্কিং মেশিন, যেমন- Band Saw, Belt Sander, Brush Sander, Circular Saw, Combination Machine, Mortiser Machine, Spindle Moulder, Surface Planer, Thickness Planer মেশিন পরিচিতি, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ট্রাবলশুটিং সম্পর্কে ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয় এবং ২য় দিন Computer Aided Design (CAD), Computer Aided Manufacturing (CAM), Computer Numeric Control (CNC), CNC Wood Router মেশিন পরিচিতি, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ট্রাবলশুটিং এবং উড সিজনিং সম্পর্কে ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয় । কর্মশালায় ফার্নিচার শিল্পের বিবিধ আধুনিক মেশিনের প্রয়োজনীয়তা, যথাযথ ব্যবহার বিষয়ে ধারণা প্রদান করা হয় এবং মেশিন সরবরাহকারী/ আমদানিকারকের সাথে মতবিনিময় হয়, যা তাদের ব্যবসার মূল ধারায় আসতে অনুপ্রাণিত করবে মর্মে আশা করা যায়।

## ‘আধুনিক মেশিন শপ অপারেশন’ ডেমনস্ট্রেশন কর্মশালা

১০-১২ মে ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'আধুনিক মেশিন শপ অপারেশন' ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। টেকসই শিল্পায়ন ও অর্থনৈতিক সমৃদ্ধির চালিকাশক্তি হিসেবে বিশ্বব্যাপী ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই)-এর ভূমিকা স্বীকৃত। অসম প্রতিযোগিতার সম্মুখীন এসএমই-দের পণ্য ও সেবার মানোন্নয়ন, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং সর্বোপরি প্রতিযোগিতা সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে ৪র্থ শিল্প বিপ্লবের উদীয়মান প্রযুক্তি ও কলাকৌশল সংশ্লিষ্ট সচেতনতা সৃষ্টি, প্রযুক্তি আত্তীকরণ ও দক্ষতা উন্নয়ন অপরিহার্য। এ লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'আধুনিক মেশিন শপ অপারেশন' ডেমনস্ট্রেশন কর্মশালা বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), বগুড়া-এ সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতির ১৫জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। কর্মশালায় অংশগ্রহণকারীদের আধুনিক মেশিন ও বিভিন্ন আধুনিক প্রযুক্তি বিষয়ে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। আধুনিক মেশিনারি ও সরঞ্জামের ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও ট্রাবলশুটিং সংক্রান্ত হাতে-কলমে ডেমনস্ট্রেশনের মাধ্যমে অংশগ্রহণকারীরা বাস্তবভিত্তিক দক্ষতা অর্জনের সুযোগ পান। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক প্রকৌশলী মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদার।

## ‘এসএমই উদ্যোক্তাদের জন্য সাইবার নিরাপত্তা’ কর্মসূচি



JICA এবং এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘How to Make Top Management Aware of Cybersecurity’ প্রশিক্ষণ ০৫-০৬ মে ২০২৬ ঢাকায় এবং ১৮-১৯ মে ২০২৬ বরিশালে অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৭ জুন ২০২৬ ‘Collaboration with Cyber security Experts’ কর্মশালা অনুষ্ঠিত হয়। সঞ্চালনা করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান। কর্মশালার প্রধান অতিথি এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান উদ্যোক্তাদের সাইবার ঝুঁকি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, নিরাপদ ডিজিটাল অবকাঠামো গড়ে তোলা এবং সাইবার নিরাপত্তা সংক্রান্ত আধুনিক প্রযুক্তি ও সেবা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। কর্মশালায় দেশের ০৫টি সাইবার নিরাপত্তা ও তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ সাইবার নিরাপত্তা ঝুঁকি ব্যবস্থাপনা, তথ্য সুরক্ষা, নেটওয়ার্ক নিরাপত্তা, নিরাপদ ডিজিটাল প্ল্যাটফর্ম, সাইবার থ্রেট মনিটরিং এবং অন্যান্য সাইবার নিরাপত্তা বিষয়ক সেবা ও সমাধান সম্পর্কে বিস্তারিত উপস্থাপনা প্রদান করেন। ২০-২২ এপ্রিল ২০২৬ ইন্সটিটিউট অফ এসএমই ফাউন্ডেশনে ‘Cyber Security Awareness for SMEs’ কর্মশালা অনুষ্ঠিত হয়।

## SME Freelancer Directory: Skills Exchange & Networking

দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ডিজিটালাইজেশনে ফ্রিল্যান্সারদের সম্পৃক্ততা বৃদ্ধিতে এবং ব্যবসায়িক কার্যক্রমে সহায়তাকারী ফ্রিল্যান্সার ডিরেক্টরি প্রস্তুতির লক্ষ্যে ৪ জুন ২০২৬ ঢাকায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘SME Freelancer Directory: Skills Exchange & Networking’ কর্মশালায় ২৯জন ফুল-টাইম ও পার্ট-টাইম ফ্রিল্যান্সার অংশগ্রহণ করেন। কর্মশালায় অংশগ্রহণকারীরা তাঁদের পেশাগত অভিজ্ঞতা, দক্ষতা ও সেবার ক্ষেত্রসমূহ উপস্থাপন করেন এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ডিজিটাল সক্ষমতা বৃদ্ধিতে সম্ভাব্য সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে মতবিনিময় করে। আলোচনায় এসএমই ফাউন্ডেশনের চলমান কার্যক্রম, ডিজিটাল সেবার সম্প্রসারণে আইসিটি উইংয়ের ভবিষ্যৎ পরিকল্পনা, এবং এসএমই খাতে ফ্রিল্যান্সারদের কার্যকর সম্পৃক্ততার সুযোগ ও সম্ভাবনা গুরুত্বের সঙ্গে উঠে আসে। কর্মশালায় একটি সমন্বিত SME Freelancer Directory প্রণয়নের প্রাথমিক কাঠামো, ফ্রিল্যান্সারদের দক্ষতা যাচাই এবং উদ্যোক্তাদের প্রয়োজনভিত্তিক ডিজিটাল সেবা প্রদানের কৌশল নিয়ে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠিত হয়।

## ‘Demo Day: Tech Solutions for SMEs by Freelancers’ কর্মশালা

ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে ব্যবসায়িক উন্নয়ন এবং দক্ষ ফ্রিল্যান্সারদের সেবা উদ্যোক্তাদের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৬ জুন ২০২৬ ‘Demo Day: Tech Solutions for SMEs by Freelancers’ কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে ৪০জন উদ্যোক্তা ও ১০জন ফ্রিল্যান্সার অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী ফ্রিল্যান্সাররা উদ্যোক্তার ব্যবসা ডিজিটালাইজেশনে ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং, গ্রাফিক ডিজাইন, বিজনেস অটোমেশন, AI-ভিত্তিক সমাধানসহ বিভিন্ন SME-বান্ধব সেবার নমুনা প্রদর্শন করেন। পাশাপাশি এসএমই উদ্যোক্তাদের জন্য প্রস্তুতকৃত পণ্য, সেবা ও ডিজিটাল সমাধানের উদাহরণ এবং সেবা প্যাকেজ ও মূল্য কাঠামো উপস্থাপন করা হয়।

## ‘Digital Marketing for SMEs’ প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় ১০-১১ জুন ২০২৬ গাজীপুরে ‘Digital Marketing for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্বাস আলী এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এম রকিবুল হাসান।

## ‘আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তার সংযোগ স্থাপন’ কর্মশালা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১১ মে ২০২৬ ‘আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন’ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমানের সঞ্চালনায় কর্মশালায় দেশের ৬টি তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা তাঁদের উদ্ভাবিত ব্যবসা অটোমেশন টুলস, উজচ সফটওয়্যার, ওয়েবসাইট ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং সল্যুশন এবং অন্যান্য প্রযুক্তিনির্ভর সেবা উপস্থাপন করেন। পাশাপাশি উদ্যোক্তাদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান এবং তাদের ব্যবসার প্রয়োজন অনুযায়ী প্রযুক্তিগত সমাধান বিষয়ে পরামর্শ দেন।

## ‘Social Media Mastery for SMEs’ Growth’ কার্যক্রম

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে গাজীপুরে ‘Social Media Mastery for SMEs’ প্রশিক্ষণ ১৫-১৬ এপ্রিল ২০২৬ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা সোশ্যাল মিডিয়ার জন্য আকর্ষণীয় ছবি ও ভিডিও কনটেন্ট তৈরি, ব্যবসা বৃদ্ধির জন্য উপযোগী প্ল্যাটফর্ম নির্বাচন, কনটেন্ট পরিকল্পনা ও কার্যকর কনটেন্ট তৈরির কৌশল, ডিজিটাল মার্কেটিং কৌশল নির্ধারণ, বিভিন্ন টুলস ও অ্যানালিটিক্স ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক উন্নয়নের বাস্তবভিত্তিক জ্ঞান ও দক্ষতা অর্জন করেন। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদপত্র বিতরণ করেন।

২২-২৩ এপ্রিল ২০২৬ কুড়িগ্রামে এবং ২৯-৩০ এপ্রিল ২০২৬ বগুড়ায় ‘Social Media Mastery for SMEs’ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা সোশ্যাল মিডিয়ার জন্য আকর্ষণীয় ছবি ও ভিডিও কনটেন্ট তৈরি, ব্যবসা বৃদ্ধির জন্য উপযোগী প্ল্যাটফর্ম নির্বাচন, কনটেন্ট পরিকল্পনা ও কার্যকর কনটেন্ট তৈরির কৌশল, ডিজিটাল মার্কেটিং কৌশল নির্ধারণ, বিভিন্ন টুলস ও অ্যানালিটিক্স ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক উন্নয়নের বাস্তবভিত্তিক জ্ঞান ও দক্ষতা অর্জন করেন।

## এসএমই খাতের ডিজিটাল সক্ষমতা বৃদ্ধিতে আইসিটি রিসোর্সপার্সন অন্তর্ভুক্তিকরণ কার্যক্রম



১৪ জুন ২০২৬ ঢাকায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Assessment and Inclusion of ICT Resource Persons for SME Development’ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ডিজিটাল সক্ষমতা বৃদ্ধি এবং তথ্যপ্রযুক্তিভিত্তিক ব্যবসা উন্নয়নে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের ICT Resource Person/Trainer Pool-এ উপযুক্ত রিসোর্সপার্সন ও ট্রেইনার অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে এই প্রোগ্রামের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ২৫জন ICT পেশাজীবী ও প্রশিক্ষক অংশগ্রহণ করেন। উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান। তিনি এসএমই খাতের উন্নয়নে তথ্যপ্রযুক্তির গুরুত্ব এবং দক্ষ ICT রিসোর্সপার্সনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপক মো. সাইফুর রহমান মানিক উপস্থিত ছিলেন এবং ICT-ভিত্তিক এসএমই উন্নয়ন কার্যক্রম সম্পর্কে অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময় করেন।

## যশোরের নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টারে কাঠ সিজনিং সৌর চেম্বার স্থাপন




এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ বন গবেষণা ইন্সটিটিউট (বিএফআরআই)-এর কারিগরি সহযোগিতায় যশোরের নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টারে কাঠ সিজনিং সৌর চেম্বার স্থাপন করা হয়। সৌর চেম্বারের সাহায্যে কাঠ সিজনিং এ তুলনামূলক কম সময়ের প্রয়োজন হবে, বর্ষাকালে কাঠ স্ফীত বা সংকুচিত হবে না এবং ওয়েস্টেজ কমবে, কাঠ সুষমভাবে শুকাবে, ব্যাটের মান উন্নত হবে, কাঠে বার্নিশ বা পেইন্ট ভালোভাবে লাগবে এবং কাঠ অধিকতর শক্ত ও স্থায়ী হবে। ২৯ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বিএফআরআই এর সহযোগিতায় নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টারে উক্ত সৌর চেম্বারের ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা সম্পর্কিত ডেমনস্ট্রেশন কর্মশালা এবং মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, বিএফআরআই এর বিভাগীয় কর্মকর্তা ড. মো. রওশন আলী, নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার সমিতির সভাপতি মো. তরিকুল ইসলাম এবং সাধারণ সম্পাদক রিপন মজুমদার।

## ঢাকার গণমাধ্যমকর্মীদের নিয়ে পাবনা ও কুষ্টিয়ায় এসএমই ক্লাস্টার পরিদর্শন




১৯-২১ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার গণমাধ্যমকর্মীদের নিয়ে পাবনা লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার এবং কুষ্টিয়ার কুমারখালি টেক্সটাইল শিল্প ক্লাস্টার পরিদর্শন উদ্যোক্তাদের সাথে মতবিনিময় ও প্রতিবেদন তৈরি কর্মসূচি আয়োজন করা হয়। ক্লাস্টার পরিদর্শনে অংশগ্রহণ করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম। গণমাধ্যমকর্মীদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশনের জ্যেষ্ঠ প্রতিবেদক দিনার সুলতানা, যমুনা টেলিভিশনের বিশেষ প্রতিনিধি রিমন রহমান, চ্যানেল ২৪-এর সিনিয়র রিপোর্টার ইফতেখার আলম, কালের কণ্ঠের প্রতিবেদক মেহেদী ইসলাম এবং দৈনিক ডেইলি স্টারের প্রতিবেদক আহমেদ হুমায়ুন কবির তপু। ক্লাস্টারসমূহের নেতৃবৃন্দ এবং উদ্যোক্তাগণ তাদের সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরেন। পরবর্তীতে দু'টি ক্লাস্টারের সম্ভাবনা ও চ্যালেঞ্জ তুলে ধরে প্রতিবেদন প্রকাশ ও প্রচার করা হয়।

## ক্লাস্টার উদ্যোক্তাদের 'পণ্য প্রদর্শন ও ক্রেতা-বিক্রেতা ম্যাচমেকিং' কর্মসূচি



১১ মে ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে দেশের স্বনামধন্য তিনটি ক্রেতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে যশোরের নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টারে 'পণ্য প্রদর্শন ও ক্রেতা-বিক্রেতা ম্যাচমেকিং' কর্মসূচি আয়োজন করা হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন আরএফএল বেস্ট বাই-এর প্রতিনিধি মো. ফজলুল হক এবং মো. নাসির উদ্দিন, স্বপ্ন-এর প্রতিনিধি শাহ মোয়াজ্জেম সজীব, ইউনিমার্ট-এর প্রতিনিধি একেএম আতিকুল হক এবং মো. আসাদুসজামান নাইম। কারখানাগুলো পরিদর্শনের মাধ্যমে ক্রেতা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ সরেজমিনে পণ্য উৎপাদন প্রক্রিয়া পর্যবেক্ষণ করেন। পাশাপাশি উদ্যোক্তাদের সাথে সরাসরি মতবিনিময় সভায় তাদের নিজেদের চাহিদা অনুযায়ী পণ্য কাস্টমাইজ করার সুযোগ এবং প্রতিযোগিতামূলক মূল্যে পণ্য সংগ্রহ করার সুযোগ যাচাই করেন। একই সাথে, বড় প্রতিষ্ঠানের সাথে সরাসরি কাজ করার মাধ্যমে উদ্যোক্তাদের ভবিষ্যৎ আর্থিক উন্নতির বিষয়টিও তাদের অবগত করা হয়।

একই দিনে ক্রেতা প্রতিনিধিদের নিয়ে যশোর নকশি ক্লাস্টারেও 'পণ্য প্রদর্শন ও ক্রেতা-বিক্রেতা ম্যাচমেকিং' কর্মসূচি আয়োজন করা হয়। কর্মসূচির মূল উদ্দেশ্য ছিলো মধ্যস্বত্বভোগী ছাড়াই নতুন ও বৈচিত্র্যময় পণ্যের উৎস খুঁজে পাওয়া এবং উৎপাদন সক্ষমতা ও সরবরাহ ব্যবস্থার বাস্তব চিত্র যাচাই করা। পরবর্তী দিন ১২ মে ২০২৬ এ একইভাবে পূর্বোক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে যশোরের কেশবপুর হ্যান্ডিক্রাফটস ক্লাস্টারে 'পণ্য প্রদর্শন ও ক্রেতা-বিক্রেতা ম্যাচমেকিং' কর্মসূচি আয়োজন করা হয়।

## ঢাকার মিরপুর কাতান ক্লাস্টারের উদ্যোক্তাদের সিরাজগঞ্জ হ্যান্ডলুম ক্লাস্টার পরিদর্শন

০৮ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার মিরপুর কাতান (বেনারসি) শিল্প ক্লাস্টার, ঢাকার প্রতিনিধিদের অংশগ্রহণে সিরাজগঞ্জের শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টারে এক্সপোজার ভিজিট কর্মসূচি আয়োজন করা হয়। মিরপুরের ঐতিহ্যবাহী ম্যানুয়াল কোমর তাঁতে ১টি শাড়ি উৎপাদনে ডিজাইন ভেদে ১৫ দিন থেকে ১.৫ মাস সময় ব্যয় হলেও ডিজিটাল জ্যাকার্ড মেশিনের সহায়তায় প্রতিদিন গড়ে ২টি শাড়ি উৎপাদন করা সম্ভব। উৎপাদনের এই বিশাল গতির পার্থক্য নিরূপণ করে প্রতীয়মান হয় যে, আধুনিক প্রযুক্তির আত্মীকরণ উৎপাদন দক্ষতা বৃদ্ধিতে এক বৈপ্লবিক পরিবর্তনের পথ প্রশস্ত করবে। পাশাপাশি পার্শ্ববর্তী রাষ্ট্রসমূহের সাথে বাজার প্রতিযোগিতায় নিজেদের টিকিয়ে রাখতে এটি হবে মোক্ষম হাতিয়ার। পরিদর্শনের ফলশ্রুতিতে মিরপুর কাতান ক্লাস্টারের উদ্যোক্তাগণ সিরাজগঞ্জের স্থানীয় ক্ষুদ্র ও বৃহৎ তাঁতশিল্প প্রতিষ্ঠান, প্রযুক্তি সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যান্ত্রিক আধুনিকায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। উদ্যোক্তারা তাঁদের নির্দিষ্ট উৎপাদন চাহিদার নিরিখে কাস্টমাইজড ডিজিটাল জ্যাকার্ড মেশিনের চাহিদা উপস্থাপন করেন।

## সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'Export Readiness' প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২৮-৩০ এপ্রিল ২০২৬ নীলফামারী জেলার সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'Export Readiness' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে রপ্তানি কার্যক্রমের ওপর একটি সমন্বিত, বাস্তবভিত্তিক ও প্রায়ুক্তিক ধারণা প্রদান করা হয়। আলোচ্য বিষয়সমূহের মধ্যে অন্তর্ভুক্ত ছিল রপ্তানিযোগ্য পণ্য নির্বাচন ও মূল্য নির্ধারণ, ইনকোটার্মস ও এইচএস কোডের ব্যবহার, প্রোফরমা ইনভয়েস প্রস্তুতকরণ, এলসি ও টিটি বিশ্লেষণ, বাজার ও পণ্য গবেষণা, আন্তর্জাতিক ক্রেতা অনুসন্ধান, কনটেইনার ক্যালকুলেশন, ঝুঁকি ব্যবস্থাপনা, সিএন্ডএফ এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডারের ভূমিকা, পণ্য প্যাকেজিং ও লেবেলিং, পেমেন্ট পদ্ধতি এবং প্রয়োজনীয় রপ্তানি ডকুমেন্টেশন। এছাড়া সৈয়দপুরের অভিজ্ঞ রপ্তানিকারক ও এম আর ইন্টারন্যাশনাল-এর স্বত্বাধিকারী মো. মতিয়ার রহমান দুলু প্রশিক্ষণে তাঁর বাস্তব অভিজ্ঞতা অংশগ্রহণকারীদের সঙ্গে বিনিময় করেন। তাঁর অভিজ্ঞতা থেকে অংশগ্রহণকারীরা রপ্তানি কার্যক্রমের বাস্তব চ্যালেঞ্জ, সম্ভাবনা এবং করণীয় সম্পর্কে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা লাভ করেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারী উদ্যোক্তারা রপ্তানি প্রক্রিয়ার বিভিন্ন ধাপ সম্পর্কে বাস্তবভিত্তিক জ্ঞান ও দক্ষতা অর্জন করেন। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সৈয়দপুর রপ্তানিমুখী ক্ষুদ্র গার্মেন্টস মালিক গ্রুপের সভাপতি মো. আকতার হোসেন খাঁন এবং সাধারণ সম্পাদক মো. শাহিন আক্তার।

## ‘এসো উদ্যোক্তা হই’



২৯ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঠাকুরগাঁও জেলায় এবং ৩০ এপ্রিল ২০২৬ পঞ্চগড় জেলায় ‘এসো উদ্যোক্তা হই’ কর্মশালা আয়োজন করা হয়। ‘চাকুরী নয়, উদ্যোক্তা হবো’-এই মানসিকতা গড়ে তোলার উদ্দেশ্যে উদ্যমী নারী শিক্ষার্থীদের অংশগ্রহণে কর্মশালা দুটি আয়োজিত হয়। মানব কল্যাণ পরিষদ, ঠাকুরগাঁও এবং পঞ্চগড় সরকারি মহিলা কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য এবং উইমেন এন্ট্রাপ্রেনিউর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব)-এর সভাপতি নাসরীন ফাতেমা আউয়াল। অনুষ্ঠান দুটিতে সভাপতিত্ব করেন ঠাকুরগাঁও জেলা প্রশাসক মোহাম্মদ রফিকুল হক, পঞ্চগড় জেলা প্রশাসক মোসা. শুকরিয়া পারভীন এবং বিশেষ অতিথি ছিলেন মো. মোকাররম হোসেন, অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ, এস. এম. রফিকুল ইসলাম, অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ, এ. এস. এম. হারুন-অর-রশীদ, অধ্যক্ষ, পঞ্চগড় সরকারি মহিলা কলেজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান ও আয়োজনের লক্ষ্য-উদ্দেশ্য তুলে ধরেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান। কর্মশালায় নারী-উদ্যোক্তা জুয়েনা ফেরদৌস মিতুল, স্বত্বাধিকারী, আহ্লাদ ফ্যাশন, রংপুর, আবিদা সুলতানা, স্বত্বাধিকারী, ব্রাইডাল ক্রিয়েশন, দিনাজপুর এবং চন্দনা ঘোষ, স্বত্বাধিকারী, কারুপণ্য, ঠাকুরগাঁও তাঁদের অভিজ্ঞতা ও সফলতার গল্প তুলে ধরেন। উদ্যোক্তা হওয়ার কলা-কৌশল উপস্থাপন করেন সাঈদা আফরোজ চৌধুরী, প্রশিক্ষক, এসএমই ফাউন্ডেশন। ঠাকুরগাঁও-এর কর্মশালায় ঠাকুরগাঁও সরকারি কলেজ ও ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজের শিক্ষার্থী, স্থানীয় উদ্যোক্তা এবং সাংবাদিকসহ প্রায় ২০০জন অংশগ্রহণ করেন। পঞ্চগড়-এর কর্মশালায় পঞ্চগড় সরকারি মহিলা কলেজের শিক্ষার্থী, স্থানীয় উদ্যোক্তা এবং সাংবাদিকসহ প্রায় ১৭০জন অংশগ্রহণ করেন।

পরবর্তীতে, ‘এসো উদ্যোক্তা হই’-কর্মসূচির ধারাবাহিকতায় ১৪-১৮ জুন ২০২৬ ঠাকুরগাঁও জেলায় ‘Start your Business with Carving & Jewellary’ এবং পঞ্চগড় জেলায় ‘ফ্যাশন ডিজাইন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

এছাড়া, ৩১ মার্চ-০২ এপ্রিল ২০২৬ নোয়াখালীতে নতুন নারী-উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ‘এসো উদ্যোক্তা হই’ কর্মসূচির আওতায় ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## মাদারীপুর, সিলেট ও নোয়াখালীতে ‘পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট’ কর্মশালা

১৯-২৩ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মাদারীপুর জেলার কালকিনি উপজেলায় ‘হোগলা পাতার বহুমুখী পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় এ খাতের অভিজ্ঞ ডিজাইনারের মাধ্যমে অংশগ্রহণকারী উদ্যোক্তাদের আধুনিক ও মানসম্মত ডিজাইনের হস্তশিল্প তৈরির কলাকৌশল শেখানো হয়। পাশাপাশি পণ্যের ফিনিশিং, পরিবেশবান্ধব উৎপাদন প্রক্রিয়া এবং কার্যকর বিপণন কৌশল সম্পর্কে ধারণা প্রদান করা হয়। কর্মশালাটি হাতে-কলমে পরিচালিত হওয়ায় অংশগ্রহণকারীরা সরাসরি বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ পান।

১০-১৪ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সহযোগিতায় সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় নারী-উদ্যোক্তাদের জন্য ‘বাঁশ-বেতজাত পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন’ কর্মশালা আয়োজন করা হয়।

০৭-১১ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলায় গান্ধী আশ্রম ট্রাস্ট-এ ‘হোগলা পাতা ও বাঁশ-বেতজাত পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট’ কর্মশালা আয়োজন করা হয়।

## বরিশালে ‘জেন্ডার সংবেদনশীলতা’ কর্মশালা

০৬ মে ২০২৬ এসএমই ফাউন্ডেশন ও বাংলাদেশ ব্যাংক-এর যৌথ উদ্যোগে নারী-উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ সহজীকরণের লক্ষ্যে বরিশাল জেলায় ‘জেন্ডার সংবেদনশীলতা’ কর্মশালা আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. আবুল বসার, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, বরিশাল। বিশেষ অতিথি ছিলেন মো. হাফিজুর রহমান, পরিচালক, বাংলাদেশ ব্যাংক, বরিশাল। কর্মশালায় আলোচক ছিলেন বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মো. মাছুম বিল্লাহ ও মোল্লা আল মাহমুদ এবং মো. আহসান হাবিব, সহকারী ভাইস প্রেসিডেন্ট, সিটি ব্যাংক, বরিশাল। এসএমই ফাউন্ডেশন থেকে আলোচক ছিলেন উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন বিলকিস আহমেদ লিলি, সভাপতি, বরিশাল উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ।

## ফ্যাশনে ‘ইকো প্রিন্ট’ প্রশিক্ষণ



১৯-২২ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ফ্যাশনে ‘ইকো প্রিন্ট’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ফ্যাশন লাইফস্টাইলের সাথে সম্পৃক্ত নারী-উদ্যোক্তাদের পণ্যে বৈচিত্র্য ও নতুনত্ব আনয়নের লক্ষ্যে উদ্যোক্তাদের ব্যাপক চাহিদার ভিত্তিতে প্রথমবারের মতো এ কর্মসূচিটি আয়োজন করা হয়। ইকো-প্রিন্ট একটি প্রাকৃতিক প্রিন্টিং পদ্ধতি যেখানে কোনো কৃত্রিম রং ব্যবহার না করে প্রকৃতির নিজস্ব রঙ ও টেক্সচার ব্যবহার করা হয়। ২২ এপ্রিল ২০২৬ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান ও উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য পর্যবেক্ষণ করেন, তাঁদের সাথে প্রশিক্ষণের কার্যকারিতা নিয়ে মতবিনিময় করেন এবং উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন। প্রশিক্ষণে কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, নওগাঁ, পাবনা ও ঢাকার নারী-উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন।

০৭-১১ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ‘ইকো প্রিন্ট’ প্রশিক্ষণের ২য় ব্যাচ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, টাঙ্গাইল, কুমিল্লা, বরিশাল, রাজবাড়ী, কিশোরগঞ্জ, রংপুর, বগুড়া, খুলনা, ঠাকুরগাঁও জেলার নারী-উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন।

# এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন কর্মসূচি

ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চল/এসএমই ক্লাস্টার/অ্যাসোসিয়েশন/ট্রেডবডি/চেম্বারের চাহিদার প্রেক্ষিতে দেশব্যাপী সম্ভাবনাময় নতুন উদ্যোক্তা সৃষ্টি ও বিদ্যমান এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিতে এবং এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। এপ্রিল-জুন ২০২৬-এ ফাউন্ডেশন আয়োজিত ৪৮টি প্রশিক্ষণে ১৪৪৭জন (নারী: ১০২৮, পুরুষ: ৪১৯) উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্যযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

## 'কুকিং অ্যান্ড বেকিং' প্রশিক্ষণ



২১-২৫ জুন ২০২৬ বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে উদ্যোক্তাদের জন্য 'কুকিং অ্যান্ড বেকিং' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ক্যাটারিং ব্যবসার সাধারণ বিষয়সমূহ, ব্যবসা পরিচালনা পদ্ধতি সম্পর্কে ধারণা, মূল্য নির্ধারণ পদ্ধতি, ফুড হাইজিন সম্পর্কে ধারণা, নানা ধরনের বেকারি সামগ্রী তৈরি এবং বিক্রয় ব্যবস্থাপনা, খাবার সংরক্ষণের ধারণা এবং খাবার তৈরির যন্ত্রপাতি সম্পর্কে উদ্যোক্তাগণ প্রশিক্ষণ লাভ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, বিশ্বখ্যাত ব্রিটিশ-বাংলাদেশি তারকা রন্ধনশিল্পী মোহাম্মদ আজমান মিয়া (টমি মিয়া), এক্স গ্রুপের চিফ অপারেটিং অফিসার মোহাম্মদ জাহাঙ্গীর আলম এবং কিকোম্যান এর কান্ট্রি ডিরেক্টর শুন হারাগুচি।

## 'মণিপুরী কোমর-তাঁত পণ্যের ডিজাইন উন্নয়ন' প্রশিক্ষণ



১৫-১৮ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলার সাতছড়ি এলাকার ত্রিপুরা সম্প্রদায়ের নারী-উদ্যোক্তাদের জন্য 'মণিপুরী কোমর-তাঁত পণ্যের ডিজাইন উন্নয়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ত্রিপুরা পাড়ার নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত অনগ্রসর নারী উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি এবং পণ্যের নকশা-গুণমান উন্নীতকরণে আয়োজিত প্রশিক্ষণে তাঁদের উৎপাদিত ঐতিহ্যবাহী মণিপুরী কোমর-তাঁত পণ্যের সাথে আধুনিক ডিজাইনের সংমিশ্রণে পণ্যের ফিউশন ও মানোন্নয়ন করা হয়। প্রশিক্ষণটিতে ত্রিপুরা সম্প্রদায়ের ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## 'How to become a Freelancer' প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৯-২৩ এপ্রিল ২০২৬ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে আইসিটি উদ্যোক্তা তৈরির লক্ষ্যে 'How to become a Freelancer' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে আইসিটি ফ্রিল্যান্সিং প্রোফাইল তৈরি, নিজ দক্ষতা উপস্থাপন, Communication, Career Prospect, Graphics Design, ওয়েব ডেভেলপমেন্ট, সোশ্যাল মিডিয়া ও SEO-সহ বিভিন্ন বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়।

সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান প্রশিক্ষণার্থীদের সাথে মতবিনিময় এবং ফ্রিল্যান্সিং এর মাধ্যমে ক্যারিয়ার তৈরির বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন এবং সনদ বিতরণ করেন।

## 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ




১৮-২২ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় মাগুরা জেলায় 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব মো. ওবায়দুর রহমান। সভাপতি ছিলেন জেলা প্রশাসক মো. আবদুল্লাহ আল মাহমুদ এবং এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার। প্রশিক্ষণে ফ্যাশন পণ্যের উৎপাদন, প্যাটার্ন মেকিং, কাটিং, ব্লক, এপ্লিক, সুঁই-সুতার কাজ সহকারে সারফেস অর্নামেনটেশন, বাজারজাতকরণ প্রভৃতি বিষয়ে ব্যবহারিক জ্ঞান প্রদান করা হবে।




০৭-১১ জুন ২০২৬ ফেনী জেলার সোনাগাজী উপজেলায় 'ফ্যাশন ডিজাইন ফর এসএমইজ' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য এবং উইমেন এন্ট্রাপ্রেনিউর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব) এর সভাপতি নাসরীন ফাতেমা আউয়াল।

০৭-১১ জুন ২০২৬ জয়পুরহাটের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য জয়পুরহাট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সহযোগিতায় 'ব্লক বাটিক ফর এসএমইস' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

১৩-১৭ জুন ২০২৬ Women Entrepreneurs Association (WEA)-এর সহযোগিতায় নেত্রকোণায় নারী-উদ্যোক্তাদের জন্য 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## 'Cleantech Accelerator & Commercialization' বুটক্যাম্প



০১-০৩ এপ্রিল ২০২৬ ইউএনআইডিও (UNIDO) ও এসএমই ফাউন্ডেশন (SMEF)-এর যৌথ উদ্যোগে পরিচালিত Cleantech Accelerator & Commercialization Program-এর আওতায় গাজীপুরে আবাসিক বুটক্যাম্পের আয়োজন করা হয়েছে। ২৯জন উদ্ভাবনী অংশগ্রহণকারী বুটক্যাম্পে তাদের সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা ভাবনা, উদ্দীপনা এবং আন্তরিকতা প্রদর্শন করেন। সেশন পরিচালনা করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এন্ট্রেপ্রেনিয়রশিপ ডেভেলপমেন্ট (CED)-এর বিশেষজ্ঞগণ। জুরি হিসেবে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, লুবনা ইয়াসমিন, যুগ্ম সচিব (পরিকল্পনা অধিশাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ড. শাহ আবদুল সাদী, উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ড. ফজলে রাব্বি সাদেক আহমেদ, সাবেক ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, পিকেএসএফ, ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার এবং সত্য ভট্টাচার্য, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, UNIDO। বুটক্যাম্প সমন্বয়করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা এবং UNIDO-এর কর্মকর্তাগণ।

## এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন কর্মসূচি

### এসএমই চেম্বার-অ্যাসোসিয়েশনসমূহের ডিজিটাল দক্ষতা উন্নয়ন মতবিনিময় সভা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২৩ জুন ২০২৬ এসএমই সংশ্লিষ্ট চেম্বার ও অ্যাসোসিয়েশনসমূহের 'ডিজিটাল দক্ষতা উন্নয়ন ও চাহিদা নিরূপণ' কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। সভাপতিত্ব করেন ফারজানা খান, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। দেশের বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশন ও ট্রেডবডির প্রতিনিধিগণ কর্মশালায় অংশগ্রহণ করে তাদের প্রতিষ্ঠানের ডিজিটাল কার্যক্রম, বিদ্যমান চ্যালেঞ্জ, প্রযুক্তিগত প্রয়োজনীয়তা এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে মতামত তুলে ধরেন। কর্মশালায় ডিজিটাল রূপান্তর, তথ্য ব্যবস্থাপনা, সদস্যসেবা ডিজিটালাইজেশন, সাইবার নিরাপত্তা, অনলাইন প্ল্যাটফর্মের কার্যকর ব্যবহার এবং আইসিটি সক্ষমতা বৃদ্ধির বিভিন্ন দিক নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

### চট্টগ্রাম ও নওগাঁয় 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ



০৯-১৩ মে ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই)-এর সহযোগিতায় চট্টগ্রামে 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণে পাটজাত পণ্যের কাঁচামাল সংগ্রহ, বাজার চাহিদা নিরূপণ, পণ্যের দাম নির্ধারণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনার পাশাপাশি প্যাটার্ন, ডিজাইন ও বিভিন্ন ধরনের পাটজাত পণ্য যেমন: পাটের ব্যাগ, হোম ডেকর আইটেম, গিফট আইটেম বিষয়ে উদ্যোক্তাদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিডব্লিউসিসিআই-এর সাবেক সভাপতি মনোয়ারা হাকিম আলী, বর্তমান সভাপতি আবিদা সুলতানা এবং ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং নওগাঁ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় ১৪-১৮ জুন ২০২৬ 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে নওগাঁ সদরের উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ শাহীন মাহমুদ সনদ বিতরণ করেন।

### 'অফিস ব্যবস্থাপনা' প্রশিক্ষণ

১৪-১৫ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন, ঢাকায় দুইদিনব্যাপী 'অফিস ব্যবস্থাপনা' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে অফিস সংগঠন ও ব্যবস্থাপনা, ফাইল ও রেকর্ড ব্যবস্থাপনা, অফিস যোগাযোগ ও পত্র লিখন, দলগত কাজ ও নেতৃত্ব দক্ষতা, আচরণবিধি ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়।

### 'ব্যাংকেবল প্রজেক্ট প্রপোজাল তৈরি' প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২২-২৩ জুন ২০২৬ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'ব্যাংকেবল প্রজেক্ট প্রপোজাল তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষক তারেক আহম্মেদ সালেহ উদ্দিন খান ব্যাংকেবল প্রজেক্টের ধারণা, প্রজেক্ট প্রোপোজালের টেকনিক্যাল ও অপারেশনাল প্রক্রিয়া, আর্থিক পরিকল্পনা, ঋণ কাঠামো ও জামানত বিষয়ে ধারণা, ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা প্রদান করেন। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দিন খান সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

### 'এসএমই উদ্যোক্তাদের ট্যাক্স ও ভ্যাট' প্রশিক্ষণ




০৫ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও খুলনা উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় খুলনায় 'এসএমই উদ্যোক্তাদের ট্যাক্স ও ভ্যাট' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা'র ডেপুটি কমিশনার জনাব এইচ এম কবির উদ্যোক্তাদের ট্যাক্স এবং মূসক সম্পর্কে প্রাথমিক ধারণা প্রদান, মূসক নিবন্ধনের গুরুত্ব ও পদ্ধতি, নিবন্ধনের জন্য বার্ষিক টার্নওভার সীমা,আয়কর নিরুপণ ও পরিশোধ ইত্যাদি নিয়ে আলোচনা করেন। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার, উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দিন খান এবং খুলনা উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মুর্শিদা আক্তার রনি প্রশিক্ষণে উপস্থিত ছিলেন। ০৮ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ময়মনসিংহের স্থানীয় 'উদ্যোক্তাদের জন্য ভ্যাট-ট্যাক্স' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

### 'ফাস্ট ফুড এবং বেকারি পণ্য তৈরি' প্রশিক্ষণ

০৮-১২ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বান্দরবান জেলার উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে 'ফাস্ট ফুড এবং বেকারি পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বান্দরবান জেলার ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের ফাস্ট ফুড এবং বেকারি পণ্যের প্রায় ৩০টির ও অধিক আইটেম হাতে-কলমে শেখানো হয়। সমাপনী দিনে অংশগ্রহণকারীদের তৈরি রকমারি খাবারের প্রদর্শনী আয়োজন করা হয়। সনদ বিতরণ অনুষ্ঠানে বান্দরবান সদর উপজেলার নির্বাহী অফিসার মারুফা সুলতানা খান হীরামনি উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ এবং তাদের দিক নির্দেশনা প্রদান করেন।

### এসএমই উদ্যোক্তাদের 'কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)' সক্ষমতা বৃদ্ধি কর্মসূচি

এসএমই উদ্যোক্তাদের প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এবং প্রযুক্তিনির্ভর ব্যবসায়িক পরিবেশ গড়ে তুলতে এসএমই ফাউন্ডেশন খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ, পটুয়াখালী এবং ঢাকায় এপ্রিল-জুন ২০২৬ কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার বিষয়ে ৭টি প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে। দেশের বিভিন্ন জেলার প্রায় ১৫০জন উদ্যোক্তাগণ এসব কার্যক্রমে অংশগ্রহণ করে আধুনিক প্রযুক্তির ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা অর্জন করেন। এসব কর্মশালায় উদ্যোক্তাদের AI-এর ব্যবহারিক প্রয়োগ, Prompt Engineering, ব্যবসায়িক কনটেন্ট (ইমেজ, ভিডিও ও অডিও) তৈরি, SEO-সহায়ক আর্টিকেল, ডিজিটাল মার্কেটিং, মার্কেটিং ই-মেইল এবং বিভিন্ন ব্যবসায়িক ডকুমেন্ট তৈরিতে আধুনিক AI টুলসের কার্যকর ব্যবহার সম্পর্কে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। অংশগ্রহণকারীরা বাস্তব ব্যবসায় অও-এর প্রয়োগের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি, সময় সাশ্রয় এবং বাজার সম্প্রসারণের কৌশল সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জন করেন। প্রশিক্ষণসমূহে দেশের অভিজ্ঞ AI, ডিজিটাল মার্কেটিং ও সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞরা রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করেন। বিভিন্ন কর্মসূচির উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ উদ্যোক্তাদের প্রযুক্তিনির্ভর ব্যবসা পরিচালনার গুরুত্ব তুলে ধরেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।

## এসএমই ফাউন্ডেশনের সাথে কাজ করতে আগ্রহী ইন্দোনেশিয়া



বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উন্নয়নে এবং পণ্যের হালাল সনদ অর্জনের দক্ষতা লাভের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশনের সাথে কাজ করবে ইন্দোনেশিয়া। ১০ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাদের সাথে বৈঠকে এই আগ্রহের কথা জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত Listyowati। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন এবং শিল্পসচিব মো. ওবায়দুর রহমানের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. নূরুজ্জামান এনডিসি ও মো. ফিরোজ উদ্দিন, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এবং এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য মোছা. নারগিস মুরশিদা এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান, মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও মো. আব্দুস সালাম সরদার, ইন্দেনেশিয়ার ইসলামী অর্থনীতি ও ফাইন্যান্সের শরীয়াহ ব্যবসা ও উদ্যোগ বিষয়ক জাতীয় কমিটি মহাপরিচালক Putu Rahwidiyasa এবং ইন্দোনেশিয়া-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মোহাম্মদ রিয়াদ আলী।

## China Kunming Import and Export Fair-2026-এ অংশগ্রহণ



এসএমই ফাউন্ডেশনের তত্ত্বাবধানে ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্বিক সহযোগিতায় চামড়াজাত পণ্য, পাটজাত পণ্য, হস্তশিল্পসহ বিভিন্ন খাতের ২০ জন ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা আগামী ১১-১৫ জুন ২০২৬ চীনের কুনমিং শহরে অনুষ্ঠিতব্য The 30th China Kunming Import and Export Fair-2026-এ অংশগ্রহণ করতে যাচ্ছেন। উল্লেখ্য, এবারের মেলায় বাংলাদেশ 'থিম কান্ট্রি' হিসেবে অংশগ্রহণ করছে, যা দেশের রপ্তানি সম্ভাবনা ও পণ্যের আন্তর্জাতিক ব্র্যান্ডিংয়ের জন্য একটি গুরুত্বপূর্ণ অর্জন। এ উপলক্ষ্যে ফাউন্ডেশনের সহায়তায় অংশগ্রহণকারী ২০ জন উদ্যোক্তাদের নিয়ে গত ৪ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের কনফারেন্স রুমে 'Consultation on the 30th China Kunming Import and Export Fair-2026' শীর্ষক একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক ফাহিম-বিন-আসমাত এবং সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন।

## ToT on AI for SME Business Development কর্মসূচি

এসএমই খাতে কৃত্রিম বুদ্ধিমত্তা (অও) প্রযুক্তির কার্যকর প্রয়োগ এবং উদ্যোক্তাদের সক্ষমতা উন্নয়নে দক্ষ প্রশিক্ষক তৈরির লক্ষ্যে ০৮-০৯ জুন ২০২৬ ঢাকায় 'Training of Trainers on AI for SME Business Development' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের রিসোর্স পার্সন ছিলেন ড. মো. আমিনুর রহমান, সহযোগী অধ্যাপক ও ডীন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অনুষদ, বিইউবিটি।এই প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারী ট্রেইনাররা ভবিষ্যতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মধ্যে AI প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন এবং দেশের এসএমই খাতের ডিজিটাল রূপান্তর ত্বরান্বিত করতে কার্যকর অবদান রাখবেন।

## রপ্তানি সক্ষমতা বৃদ্ধিতে RISE for SMEs to Export কর্মসূচি




বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতকে আন্তর্জাতিক বাজারে আরও প্রতিযোগিতামূলক ও রপ্তানিমুখী করে গড়ে তোলার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন বাস্তবায়ন করছে 'Readiness for Internationalization through Skill Enhancement (RISE for SMEs to Export)' কর্মসূচি। এই কর্মসূচির আওতায় নির্বাচিত ৫০জন উদ্যোক্তাকে নিয়ে ১০-১১ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন শিল্পসচিব ও এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. ওবায়দুর রহমান। বিশেষ ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এবং এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য মোছা. নারগিস মুরশিদা। কর্মসূচির মূল লক্ষ্য, রপ্তানি-সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি, আন্তর্জাতিক বাজার সম্পর্কে ধারণা প্রদান এবং তাদের পণ্যকে রপ্তানি উপযোগী করে তোলা। কর্মসূচির মাধ্যমে উদ্যোক্তাদের বছরব্যাপী পণ্যের মানোন্নয়ন, বহুমুখীকরণ, আধুনিক নকশা ও মোড়কীকরণ, আন্তর্জাতিক ক্রেতাদের সঙ্গে যোগাযোগ ও সংযোগ স্থাপন, রপ্তানি কমপ্লায়েন্স নিশ্চিতকরণ, সার্টিফিকেশনস, কারখানার পরিবেশ উন্নয়ন, ব্যাংকিং, পেমেন্ট ও আর্থিক ব্যবস্থাপনা, ক্যাটালগ ও ওয়েবসাইট তৈরি, আন্তর্জাতিক বাজার অনুসন্ধান, রপ্তানি অর্ডার, লজিস্টিকস এবং বিভিন্ন দেশে বাজার অনুসন্ধান ও সম্প্রসারণে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

## 'Building a Successful Business for SMEs with Alibaba.com' আলোচনা সভা




১৭ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে 'Building a Successful Business for SMEs with Alibaba.com' আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। সভায় Alibaba.com-এর প্রতিনিধিদলের মধ্যে উপস্থিত ছিলেন Vania, Head of Channel Operation, Bangladesh এবং Sonobar Maira, GBDD - Domestic Channel Manager, Bangladesh এবং Tradeshi-এর চেয়ারম্যান Rajib Hossain উপস্থিত ছিলেন। আলোচনা সভায় Alibaba.com-এর পক্ষ থেকে উদ্যোক্তাদের প্ল্যাটফর্মটিতে যুক্ত হওয়ার সুবিধা, আন্তর্জাতিক বাজারে ব্যবসা সম্প্রসারণের সম্ভাবনা, বৈশ্বিক ক্রেতাদের সঙ্গে সংযোগ স্থাপনের সুযোগ এবং নিবন্ধন ও কার্যক্রম পরিচালনার প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত উপস্থাপনা প্রদান করা হয়।

## 'উদ্যোক্তা আড্ডা' আয়োজন

২১ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশনের বিজনেস ইনকিউবেশন সেন্টারের প্রশিক্ষণ কক্ষে উদ্যোক্তাদের সাফল্য, সংগ্রাম ও বাস্তব অভিজ্ঞতার আলোকে অনুপ্রাণিত করার লক্ষ্যে 'উদ্যোক্তা আড্ডা' আয়োজন করা হয়। উদ্বোধনী পর্বে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন বক্তব্য প্রদান করেন। সরাসরি আলোচনায় ইনকিউবিটিবৃন্দ তাদের প্রত্যাশা তুলে ধরেন। অনুষ্ঠানে জনাব সিদ্ধার্থ গোস্বামী, সিনিয়র কনসাল্টেন্ট ও অপারেশন স্পেশালিস্ট, iDEA Project ব্যবসা পরিচালনাকালে বিভিন্ন প্রতিবন্ধকতা, ঝুঁকি ব্যবস্থাপনা, সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ, বাজার সম্প্রসারণ এবং ব্যবসায়িক ভুল থেকে শেখার বাস্তব অভিজ্ঞতা তুলে ধরেন।

## গাজীপুরে স্টেকহোল্ডার কনসালটেশন কর্মশালা




২৬-২৭ জুন ২০২৬ এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশন-এর যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন 'Bridging the Gap: Unlocking Small Business Finance through Fintech Partnerships' প্রকল্পের আওতায় গাজীপুরে স্টেকহোল্ডার কনসালটেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্টের পরিচালক মো. শরাফত উল্লাহ খান, ভিসার রিজিওনাল ডিরেক্টর (সাউথ এশিয়া) নাসিমুল ইসলাম, এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার ইজলাল মইন হুসাইন, প্রোগ্রাম অফিসার ফাবিহা ফাইরোজ ইসলাম, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের হেড অফ ডিজিটাল বিজনেস সামিউল আলম, এবি ব্যাংকের চিফ ডিজিটাল বিজনেস অফিসার কাজী তাসাদ্দাক জামানসহ এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশনের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

## 'Market Access, Digital Commerce & Global Export Market Awareness' কর্মশালা

১০-১২ মে ২০২৬ এসএমই ফাউন্ডেশনের বিজনেস ইনকিউবেশন সেন্টারের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Market Access, Digital Commerce & Global Export Market Awareness' কর্মশালা আয়োজিত হয়। এসএমই ফাউন্ডেশনের ইনকিউবেটি ও নতুন উদ্যোক্তাদের অংশগ্রহণে আয়োজিত কর্মশালায় ফ্যাশন ও গার্মেন্টস, হস্তশিল্প, আইটি ও ডিজিটাল সার্ভিস, লেদারক্রাফটসহ বিভিন্ন খাতের উদ্যোক্তারা অংশগ্রহণ করেন। কর্মশালার মাধ্যমে উদ্যোক্তাদের বাজার সম্প্রসারণ, ডিজিটাল মার্কেটিং, অনলাইন মার্কেটপ্লেস এবং আন্তর্জাতিক বাজারে প্রবেশের বিষয়ে বাস্তবভিত্তিক ধারণা প্রদান করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক জনাব সৈয়দা সুলতানা ইয়াসমিন 'এসএমই'র জন্য মার্কেট লিঙ্কেজ, এসএমই ফাউন্ডেশনের ভূমিকা এবং এসএমই ফাউন্ডেশনের বিজনেস ইনকিউবেশন সেন্টার' সেশন পরিচালনা করেন। সেশনে তিনি বিভিন্ন মার্কেট চ্যানেল, বাজারে প্রবেশের চ্যালেঞ্জ, সফল উদ্যোক্তার উদাহরণ উল্লেখ করেন।

## 'Business Planning & Strategy' প্রশিক্ষণ



তরুণদের মধ্যে উদ্যোক্তা হওয়ার মানসিকতা সৃষ্টি এবং তাদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ব্র্যাক বিজনেস স্কুল, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় ১৮-২০ জুন ২০২৬ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'Business Planning & Strategy' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্র্যাক বিজনেস স্কুলের উপদেষ্টা অধ্যাপক ড. এম. এ. তাহের। প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক বলেন, দেশের তরুণদের শুধু চাকরিপ্রার্থী নয়, বরং কর্মসংস্থান সৃষ্টিকারী উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। তিনি অংশগ্রহণকারীদের অর্জিত জ্ঞান ও দক্ষতাকে বাস্তব উদ্যোগে রূপান্তর করে ভবিষ্যতে সফল উদ্যোক্তা হিসেবে আত্মপ্রকাশের আহ্বান জানান।

## 'নবায়নযোগ্য ও পরিচ্ছন্ন জ্বালানি এবং জলবায়ু-সহনশীল আর্থিক প্রক্রিয়া শক্তিশালীকরণ' কর্মশালা



০৪ জুন ২০২৬ ইউএনইপি ও ইউএন উইমেনের অর্থায়নে পরিচালিত 'EmPower: Women for Climate-Resilient Societies (Phase II)' উদ্যোগের আওতায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট (সিইডি) ও এসএমই ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে নবায়নযোগ্য ও পরিচ্ছন্ন জ্বালানি এবং জলবায়ু-সহনশীল উদ্যোগসমূহে সহায়ক আর্থিক প্রক্রিয়া সম্পর্কে ধারণা শক্তিশালী করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনে কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট (সিইডি)-এর পার্টনারশিপ অ্যান্ড ইন্টারভেনশন বিভাগের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মিস সাবরিনা নওরিন EmPower II উদ্যোগের একটি সংক্ষিপ্ত পরিচিতি উপস্থাপন করেন। অনুষ্ঠানে প্রান্তিক ও নারী-উদ্যোক্তাদের জন্য এসএমই ফাউন্ডেশনের সহায়তা সেবা ও সুযোগসমূহ নিয়ে সেশন অনুষ্ঠিত হয়।

## 'আর্থিক সাক্ষরতা যাচাই এবং উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন' কর্মশালা

এসএমই ফাউন্ডেশন ও উইনরক ইন্টারন্যাশনাল-এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আলোকে মানব পাচার থেকে ফিরে আসা নারীদের পুনর্বাসনের লক্ষ্যে ২০ এপ্রিল ২০২৬ যশোরে টার্গেট গ্রুপভুক্ত নারী-উদ্যোক্তাদের প্রতিষ্ঠান পরিদর্শন কর্মসূচি এবং ২১ এপ্রিল ২০২৬ যশোর, খুলনা, ঝিনাইদহ, সাতক্ষীরা, নরসিংদী, মানিকগঞ্জ, শরিয়তপুর ও ফরিদপুর জেলার ৮২জন উদ্যোক্তার সক্ষমতা ও আর্থিক সাক্ষরতা যাচাই এবং উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে যশোরে দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় অংশগ্রহণকারী নারীদের ব্যবসা প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা মূল্যায়ন (স্ক্রিনিং) এবং তাদের প্রয়োজনীয়তা নিরূপণ (নিড অ্যাসেসমেন্ট) করা হয়। স্ক্রিনিং ও নিড অ্যাসেসমেন্ট কার্যক্রমে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, উইনরক ইন্টারন্যাশনাল-এর সিনিয়র ম্যানেজার (ট্রেনিং অ্যান্ড এমপ্লয়মেন্ট) আশ্বাস প্রকল্প মো. গোলাম ফজলে রাব্বানী ও সাদিয়া রহমান, প্রোগ্রাম অফিসার, বিজনেস ডেভেলপমেন্ট, আশ্বাস প্রকল্প এবং এসএমই ফাউন্ডেশনের রিসোর্স পার্সন মাহফুজুল হক এবং মো আমিনুল ইসলাম। স্ক্রিনিং ও নিড অ্যাসেসমেন্টের ফলাফলের ভিত্তিতে অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের জন্য ভবিষ্যৎ কার্যক্রম পরিকল্পনা করা হবে। চিহ্নিত চাহিদা অনুযায়ী তাদের জন্য পর্যায়ক্রমে ক্যাপাসিটি বিল্ডিং কার্যক্রম, যেমন- ফাইন্যান্সিয়াল লিটারেসি, ডিজিটাল লিটারেসি এবং ব্যবসা ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করা হবে।

## শ্রীমঙ্গলে 'হারমোনি ফেস্টিভ্যাল সিজন-২' আয়োজন



বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও বাঙালির বহুমাত্রিক ঐতিহ্য, বর্ণিল জীবনধারা এবং সংস্কৃতির মেলবন্ধনে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ১৯ থেকে ২১ জুন পর্যন্ত তিন দিনব্যাপী অনুষ্ঠিত হয় 'হারমোনি ফেস্টিভ্যাল সিজন-২'। ১৯ জুন ২০২৬ শ্রীমঙ্গলের ফুলছড়া চা বাগান মাঠে উৎসবটির উদ্বোধন করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম এমপি। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও উপজেলা প্রশাসনের উদ্যোগে এবং এসএমই ফাউন্ডেশনের সহায়তায় উৎসবে সিলেট অঞ্চলের ১০জন ক্ষুদ্র নৃগোষ্ঠী ও পিছিয়ে পড়া এসএমই উদ্যোক্তা বিনামূল্যে অংশগ্রহণ করেন।

# সিলেট ও খুলনায় ‘Youth Entrepreneurship & Startups for Students (YESS)’ কর্মসূচি




অনুষ্ঠানে শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপিসহ অতিথিবৃন্দ

১১ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও SUST Career Club-এর সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ এবং সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে ব্যাংকসহ বিকল্প অর্থায়ন বিষয়ক ‘Youth Entrepreneurship & Startups for Students (YESS Program)’ অনুষ্ঠিত হয়। দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে শিল্পসচিব ও এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. ওবায়দুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন শিল্প, বাণিজ্য এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি। বিশেষ অতিথি ছিলেন সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসক আব্দুল কাইয়ুম চৌধুরী, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. এম. সরওয়ারউদ্দিন চৌধুরী, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সাজেদুল করিম, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক খালেদ আহমদ এবং আইডিয়া প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) মুর্তুজা জুলকার নাঈন নোমান। অনুষ্ঠানে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্বিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৪০০জন শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দসহ ৮০০জন অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান এবং YESS কর্মসূচির উদ্দেশ্য ও কর্মপরিকল্পনা পাওয়ারপয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। প্রধান অতিথি খন্দকার আব্দুল মুক্তাদির বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে এবং সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে ব্যাংকসহ বিকল্প অর্থায়ন ব্যবস্থাকে কার্যকরভাবে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির ডেমোনেস্ট্রেশন স্টলসমূহের উদ্বোধন করেন এবং প্রতিটি স্টল পরিদর্শন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম সম্পর্কে অবহিত হন। ডেমোনেস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ: আইডিয়া প্রকল্প, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড, Bangladesh Youth Leadership Center (BYL), Startup Sylhet, YY Ventures (Orange Corner), বাংলাদেশ ব্যাংক, সিলেট কার্যালয় (এসএমই অ্যান্ড এসপিডি বিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্র্যাক ব্যাংক, সিটি ব্যাংক, আইডিএলসি ফাইন্যান্স, Aspire to Innovate (a2i), Swisscontact, SUST Career Club, SME Business Incubation Center (SME-BIC) এবং শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ৪জন শিক্ষার্থী।



০৫ এপ্রিল ২০২৬ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং খুলনা বিশ্ববিদ্যালয় ও খুলনা বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ এবং সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে ব্যাংকসহ বিকল্প অর্থায়ন বিষয়ক YESS কর্মসূচি অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. হারুনর রশিদ খান, ট্রেজারার অধ্যাপক ড. মো. নূরুন্নবী, মো. রুকনুজ্জামান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক এবং নুরুল হাই, ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ। অনুষ্ঠানে খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আর্মি ইউনির্ভাসিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (BAUST), নর্দার্ন বিশ্ববিদ্যালয়সহ ৭টি বিশ্ববিদ্যালয়ের প্রায় ৩০০জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার YESS কর্মসূচির উদ্দেশ্য ও কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

# ‘Let’s Become an Entrepreneur’ ক্যাম্পেইন




দেশের তরুণ সমাজকে চাকরি প্রার্থীর পরিবর্তে চাকরিদাতা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Let’s Become an Entrepreneur’ ক্যাম্পেইন ২৩ এপ্রিল ২০২৬ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে মিলনায়তনে আয়োজন করা হয়। কর্মসূচিতে উক্ত বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা ও স্টার্টআপ হতে আগ্রহী ও সম্ভাবনাময় ৩০০জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব ও এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. ওবায়দুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সৈয়দ ফারহাত আনোয়ার। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. আরশাদ মাহমুদ চৌধুরী, ট্রেজারার আরিফুল ইসলাম, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মো. নাজিম হাসান সাত্তার এবং উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের বিজনেস ইনকিউবেশন সেন্টারের প্রধান মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার, ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মুজিবুল হক।

অনুষ্ঠানের শুরুতে এসএমই উদ্যোক্তাদের সাফল্যগাঁথা বিষয়ক ভিডিওচিত্র প্রদর্শন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠান শেষে ‘From Aspiration to Achievement: Why & How to Become an Entrepreneur’ প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। এই ক্যাম্পেইনের মাধ্যমে অংশগ্রহণকারীরা উদ্যোক্তা উন্নয়ন, স্টার্টআপ গঠন, অর্থায়ন, বাজার সংযোগ এবং এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন সেবা সম্পর্কে ধারণা লাভ করেন। এছাড়াও অংশগ্রহণকারীদের জন্য বিজনেস কুইজ আয়োজন করা হয় এবং সফল অংশগ্রহণ পরবর্তী সময়ে অনলাইন সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা রাখা হবে বলে জানানো হয়। প্রধান অতিথি বলেন, বাংলাদেশ আজ দ্রুত অর্থনৈতিক অগ্রযাত্রার পথে এগিয়ে যাচ্ছে এবং এই অগ্রযাত্রাকে টেকসই করতে হলে তরুণদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে হবে। চাকরি খোঁজার মানসিকতা থেকে বের হয়ে চাকরি সৃষ্টির মানসিকতায় অভ্যস্ত হতে হবে।

# এসএমই বৈশাখী মেলা ১৪৩৩ আয়োজন




এসএমই বৈশাখী মেলা ১৪৩৩ উদ্বোধন করেন শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাজধানীর আগারগাঁও বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ১২-১৮ এপ্রিল ২০২৬ আয়োজন করা হয় ৭ দিনের এসএমই বৈশাখী মেলা ১৪৩৩। ১২ এপ্রিল ২০২৬ মেলার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি শিল্প, বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন এবং শিল্পসচিব মো. ওবায়দুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য সামিম আহমেদ।



এসএমই বৈশাখী মেলা ১৪৩৩-এর উদ্বোধনী অনুষ্ঠানে শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপিসহ অতিথিবৃন্দ

স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে জানানো হয়, বাংলার ঐতিহ্য, সংস্কৃতি এবং উৎসবের প্রাণকে একত্রিত করে এক অনন্য অভিজ্ঞতা উপহার দিতে এবং নতুন বছরের আনন্দকে আরও প্রাণবন্ত করে তুলতে পরিবার, বন্ধু এবং প্রিয়জনদের সাথে একটি সুন্দর, নিরাপদ ও আনন্দঘন পরিবেশে উদযাপনের লক্ষ্যে এসএমই বৈশাখী মেলা ১৪৩৩ আয়োজন করা হয়। মেলার ১৫০টিরও বেশি স্টলে হস্ত ও কারুশিল্প পণ্য, পাটজাত পণ্য, তৈরি পোশাক ও ফ্যাশন সামগ্রী, কৃষি প্রক্রিয়াজাত পণ্য, ঐতিহ্যবাহী পণ্য, তৈরি খাবার ও স্ট্রিট ফুড, কৃত্রিম গয়না, চামড়াজাত পণ্য এবং সুগন্ধি ও লাইফস্টাইল পণ্যের এসএমই উদ্যোক্তাগণ তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয় করেন। এটি শুধু একটি মেলা নয়–এটি একটি পূর্ণাঙ্গ সাংস্কৃতিক আয়োজন, যেখানে ছিল কেনাকাটা, বিনোদন, লাইভ পরিবেশনা এবং লোকজ ঐতিহ্যের অসাধারণ সমন্বয়। ১২ এপ্রিল মেলায় বিশেষ আকর্ষণ ছিল মনিপুরি নৃত্য ও গম্ভীরা গান। ১৩ এপ্রিলের বিশেষ আকর্ষণ, শান্তা মারিয়াম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ ও কুদ্দুস বয়াতির পরিবেশনা। ১৪ এপ্রিল (পহেলা বৈশাখ) ছিল সোহান আলী, প্রজন্ম (নৃত্য পরিবেশনা) ওশান মিউজিক ক্রু, নৃত্যছায়া ও বাউল সংগীত। মেলায় দর্শনার্থীদের জন্য ছিল নানা ধরনের ঐতিহ্যবাহী ও বিনোদনমূলক আয়োজনের মধ্যে থাকছে নাগরদোলা, ফেস পেইন্টিং, টিয়া পাখির মাধ্যমে ভাগ্য গণনা, বানর খেলা, কিডস জোন, বেলুন শুটিং, রণপা, আদিবাসী ও লোকজ নৃত্য (গম্ভীরা, মনিপুরি), লাইভ টি-শার্ট পেইন্টিং, ও ঢাক-ঢোলের পরিবেশনা। মেলায় একটি ব্যতিক্রমধর্মী আকর্ষণ হিসেবে ছিল টোকাই গ্রুপ, যারা পুরো মেলা জুড়ে লাইভ স্ট্রিট পারফরম্যান্সের মাধ্যমে দর্শনার্থীদের সরাসরি সম্পৃক্ত করে। মেলার অন্যতম প্রধান আকর্ষণ ছিল টেস্ট অব বাংলাদেশ কর্নার, যেখানে দেশের বিভিন্ন অঞ্চলের ঐতিহ্যবাহী স্বাদের সমাহার ঘটে, ছিল বাংলাদেশের ৮টি জেলার বিশেষ খাবার। অনুষ্ঠানে শিল্প, বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, এসএমই খাত অর্থনীতির প্রাণ। এই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির তহবিল ৩০০ কোটি টাকা থেকে ২০০০ কোটি টাকায় উন্নীত করবে সরকার।

# সিলেটে আঞ্চলিক এসএমই পণ্য মেলা আয়োজন




সিলেটে আঞ্চলিক এসএমই পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে শিল্প, বাণিজ্য, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপিসহ অতিথিবৃন্দ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১১-১৭ এপ্রিল ২০২৬ সিলেট ক্রীড়া কমপ্লেক্স অডিটোরিয়ামে আঞ্চলিক এসএমই পণ্য মেলা অয়োজন করা হয়। মেলার উদ্বোধন করেন প্রধান অতিথি বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এমপি। সিলেট জেলা প্রশাসক মো. সারওয়ার আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসক আব্দুল কাইয়ুম চৌধুরী, সিলেট-৬ আসনের এমপি অ্যাডভোকেট এমরান আহমদ, সিলেট উইমেন চেম্বারের পরিচালক শামা হক চৌধুরী, মহানগর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি কয়েজ লোদী, এসএমই ফাউন্ডেশন চেয়ারপার্সন ও শিল্পসচিব মো. ওবায়দুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, সিলেট বিভাগীয় কমিশনার খান মো. রেজা-উন-নবী, সিলেট রেঞ্জ ডিআইজি মো. মুশফেকুর রহমান, পুলিশ কমিশনার আবদুল কুদ্দুছ চৌধুরী, পিপিএম এবং পুলিশ সুপার ড. চৌধুরী মো. যাবের সাদেক। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার।